

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৪ ৭.২৫.১৯০

বিষয়: মেসার্স কিউ-টেক্স এ্যাপারেলস নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং- ৭৪৯, তারিখ: ২০/০৮/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স কিউ-টেক্স এ্যাপারেলস, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-২৬, রোড নং-০৮, কামারপাড়া, ভাটুলিয়া, নিশাতনগর, তুরাগ, ঢাকা-১২৩০ নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন নং- পরিঃ/সোয়েটারঃ-০০০০০৭১১-২০২২, তারিখঃ ২৮/১২/২০২২ খ্রিঃ, শিল্প উপ-খাতঃ “সোয়েটার” এবং শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৪৫৯৯২৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার পর বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে। কারখানাটির অনুকূলে নির্মোক্তভাবে আমদানি স্বত্ব নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

ক্র: নং	শিল্প উপখাত	আমদানিযোগ্য পণ্যের এইচ এস কোড	ষাণ্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
১	“সোয়েটার”	তালিকা সংযুক্ত	৯৩,৩৭,৫০০/- (তিরানবই লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা মাত্র।	১,৮৬,৭৫,০০০/- (এক কোটি ছিয়াশি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মাত্র।

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মেসার্স কিউ-টেক্স এ্যাপারেলস নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

২৬-০৮-২০২৫
মো:সাইফুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৪৭.২৫.১৯০/১ (৭)

তারিখ: ১১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা অংশীদার, মেসার্স কিউ-টেক্স এ্যাপারেলস, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-২৬, রোড নং-০৮, কামারপাড়া, ভাটুলিয়া, নিশাতনগর, তুরাগ, ঢাকা-১২৩০।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৭। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।



২৭-০৮-২০২৫
কামরুল আলম
সহকারী পরিচালক